



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/১৪০৩

তারিখ: ১৬/০২/২০২৫

বিষয়ঃ ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, ছবি পরিবর্তন, ভর্তি বাতিল এবং বিটসি ও অনলাইন টিসি প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিষয়, গ্রুপ, ছবি পরিবর্তন, ভর্তি বাতিল এবং বিটসি ও অনলাইন টিসি কার্যক্রম আগামী ২০/০২/২০২৫ তারিখ থেকে ২০/০৪/২০২৫ তারিখ পর্যন্ত চলবে।


সংশ্লিষ্ট শিক্ষার্থীগণ বোর্ডের ওয়েবসাইট ([www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)) এর e-TC বাটনে প্রবেশ করে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য ও নির্ধারিত ফি দিয়ে ইটসি আবেদন করতে পারবে। বিটসি এর ক্ষেত্রে বোর্ডের ওয়েবসাইটে Forms → College section → HSC 1<sup>st</sup> Year BTC Form ডাউনলোড করে নির্দেশনা মোতাবেক পূরণ করে ফিসহ কলেজ শাখার ৪১২নং কক্ষে জমা প্রদান করতে হবে। বিটসি ব্যতিত অন্যান্য কার্যক্রম সম্পূর্ণরূপে অনলাইনে সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীগণ স্ব স্ব কলেজে তার চাহিদা মোতাবেক আবেদন করলে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের ওয়েবসাইট ([www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)) এর OEMS বাটনে ক্লিক করে কলেজের ইআইআইএন ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে অনলাইনে শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী বিধি মোতাবেক সংশোধন সম্পন্ন করবে। এক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ বোর্ডের প্রয়োজনীয় ফি শিক্ষার্থীদের নিকট থেকে গ্রহণ করে সোনালী সেবার মাধ্যমে জমা দিবেন। অতঃপর বোর্ডের অনুমোদন সাপেক্ষে সংশোধনী কার্যকর হবে এবং সংশোধিত তথ্যাবলী কলেজ কর্তৃপক্ষ অনলাইনে দেখতে পাবেন। বিটসি ব্যতিত উক্ত কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের বোর্ডে যোগাযোগের কোন প্রয়োজন নেই।

বোর্ডের নির্ধারিত ফি নিম্নরূপঃ

ক্রমিক	বিবরণ	নির্ধারিত ফি (টাকা)
১	প্রতি বিষয় পরিবর্তন	২০০/-
২	গ্রুপ পরিবর্তন	৮০০/-
৩	ভর্তি বাতিল	৬০০/-
৪	অনলাইন টিসি ও বিটসি	৭০০/-

উল্লেখ্য ছবি পরিবর্তন এবং ৪র্থ বিষয় বাতিলের জন্য কোন ফি লাগবে না।

চেয়ারম্যানের আদেশক্রমে

  
প্রফেসর মোঃ রিজাউল হক  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোন : ৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ/প্রধান শিক্ষক,  
অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল:

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। অফিস কপি।